



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩. ১০২৯

তারিখ: ১০.০৫.২০২৩ খ্রি.

বিষয়: অর্ধবার্ষিক ও প্রাক-নির্বাচনি পরীক্ষার সময়সূচি পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.২১-৪৯৬, তারিখ ২৯/১২/২০২২ অনুযায়ী ২০২৩ সালের অর্ধবার্ষিক ও প্রাক নির্বাচনি পরীক্ষার সময়সূচি ০১-১৮ জুন ২০২৩ পর্যন্ত করা হয়েছে।

২। বর্তমানে এসএসসি পরীক্ষার রুটিন অনুযায়ী যে সব বিদ্যালয়ে পরীক্ষার কেন্দ্র রয়েছে সে সব বিদ্যালয়ে ৩১ মে ২০২৩ পর্যন্ত শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে। জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী অর্ধবার্ষিক মূল্যায়নের ব্যবস্থা রাখা হয়েছে। অর্ধবার্ষিক মূল্যায়নে নতুন শিক্ষাক্রম অনুযায়ী প্রতিটি বিষয়ের কাঙ্ক্ষিত যোগ্যতার মূল্যায়ন প্রচলিত পেপার-পেন্সিল পরীক্ষার মাধ্যমে সম্ভব নয়। নতুন শিক্ষাক্রম অনুযায়ী ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের অর্ধবার্ষিক মূল্যায়নের জন্য শিক্ষার্থী মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী শিক্ষার্থীদের বিভিন্ন কাজ, এসাইনমেন্ট, প্রকল্পভিত্তিক কাজ, অনুসন্ধানমূলক কাজ ইত্যাদির মাধ্যমে মূল্যায়নের পরিকল্পনা করা হয়েছে। এই সংক্রান্ত বিস্তারিত গাইডলাইন NCTB থেকে পাওয়ার সাথে সাথে বিদ্যালয়গুলোতে প্রেরণ করা হবে। অর্ধবার্ষিক মূল্যায়নের জন্য শিক্ষার্থী মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী ০৫ (পাঁচ) কর্মদিবস প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম ও ১০ টি বিষয়ের জন্য ১০ (দশ) কর্মদিবস অর্ধবার্ষিক মূল্যায়নের জন্য প্রয়োজন।

তৎপ্রেক্ষিতে অর্ধবার্ষিক মূল্যায়নের জন্য প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম ও অর্ধবার্ষিক মূল্যায়ন/পরীক্ষা/প্রাক-নির্বাচনী পরীক্ষা নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ৩১ মে -০৬ জুন ২০২৩ : ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির অর্ধবার্ষিক মূল্যায়নের জন্য প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম এবং ৮ম - ১০ম শ্রেণির জন্য স্বাভাবিক শ্রেণি কার্যক্রম।
- ০৭-২২ জুন ২০২৩ : ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির অর্ধবার্ষিক মূল্যায়ন/ পরীক্ষা/ প্রাক নির্বাচনি পরীক্ষা।

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮
addshesecondary2@gmail.com

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
- ০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল)
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ০৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-উমাশিঅ/আশু/২০২৩/ ৩৬৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :-

- ১। প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ, উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা/কলেজ।
- ২। সংরক্ষণ নথি।

তারিখ: ১০ / ০৫ / ২০২৩ খ্রি.

মোঃ শওকত আকবর খান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।